



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref:

সম্মানিত সকল সদস্যের জন্য

সার্কুলার নং: বিজিএ/কাস/২০২১/১৪০

তারিখঃ ২৯/০৮/২০২১

বিষয় : ঋণ শ্রেনিকরণ প্রসঙ্গে।


- সূত্রঃ (ক) বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং - ০৩, তারিখ: ৩১/০১/২০২১।
(খ) বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং - ০৫, তারিখ: ২৪/০৩/২০২১।
(গ) বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং - ১৩, তারিখ: ২৭/০৬/২০২১।

সম্মানিত সকল সদস্যগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঋণ শ্রেনিকরণ সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক বিআরপিডি সার্কুলার নং - ১৯, তারিখ: ২৬/০৮/২০২১ জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

D:\shahinur\circular for all member.docx

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৩

তারিখঃ ৩১ জানুয়ারি ২০২১

১৭ মাঘ ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৭; তারিখ ২৮ সেপ্টেম্বর ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলারের মাধ্যমে অর্থনীতিতে কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব বিবেচনায় ঋণ/বিনিয়োগগ্রহীতার উপর এর প্রভাব সহনীয় মাত্রায় রাখার লক্ষ্যে জানুয়ারি/২০২০ হতে ডিসেম্বর/২০২০ পর্যন্ত সকল ধরনের ঋণ/বিনিয়োগ শ্রেণিকরণে ডেফারেল সুবিধা প্রদান করা হয়েছিল, যা ১ জানুয়ারি ২০২১ তারিখ হতে আর বর্ধিত না করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। ঋণ/বিনিয়োগের কিস্তি পরিশোধ সহজ করার লক্ষ্যে ১ জানুয়ারি ২০২১ তারিখে বিদ্যমান অশ্রেণিকৃত ঋণ/বিনিয়োগগ্রহীতার উপর কোভিড-১৯ এর প্রভাব ও ঋণ/বিনিয়োগের বকেয়া স্থিতির পরিমাণ বিবেচনায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে কেবলমাত্র মেয়াদী ঋণ/বিনিয়োগ হিসাবের অবশিষ্ট মেয়াদের সর্বোচ্চ ৫০ শতাংশ সময় বৃদ্ধি করা যাবে। তবে, এরূপ বর্ধিত সময়সীমা কোনভাবেই ০২(দুই) বছরের অধিক হবে না।

০৪। এছাড়া অন্যান্য ঋণ/বিনিয়োগ আদায়ের ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা এবং বিভিন্ন প্রণোদনা প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগ আদায়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রণোদনা প্যাকেজের নীতিমালা অনুসরণীয় হবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৫

তারিখঃ ২৪ মার্চ ২০২১
১০ চৈত্র ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৭; তারিখ: ২৮ সেপ্টেম্বর ২০২০, বিআরপিডি সার্কুলার নং-০৩; তারিখ: ৩১ জানুয়ারি ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশের অর্থনীতিতে কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব বিবেচনায় বিআরপিডি সার্কুলার নং-১৭/২০২০ এর মাধ্যমে ঋণ শ্রেণিকরণের বিষয়ে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, ০১ জানুয়ারি ২০২০ তারিখে ঋণের শ্রেণিমান যা ছিল, ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত সময়ে উক্ত ঋণ তদাপেক্ষা বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। তবে, কোন ঋণের শ্রেণিমানের উন্নতি হলে তা যথাযথ নিয়মে শ্রেণিকরণ করা যাবে। এছাড়া বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২১ এর মাধ্যমে মেয়াদী ঋণসমূহের কিস্তি পরিশোধ সহজ করার লক্ষ্যে মেয়াদ বৃদ্ধির নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। বাংলাদেশের অর্থনীতিতে কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ এর নেতিবাচক প্রভাব পড়তে শুরু করেছে। তাছাড়া বহির্বিশ্বেও কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব বৃদ্ধি পাওয়ায় রপ্তানি বাণিজ্য কিছুটা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এক্ষেত্রে, নতুনভাবে কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলা এবং একইসাথে ব্যাংকিং খাতে ঋণ প্রবাহের গতিধারা ধীরে ধীরে স্বাভাবিক করার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-১৭/২০২০ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগসহ ০১ জানুয়ারি ২০২১ তারিখে অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শিত চলমান ও তলবী প্রকৃতির ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবেঃ

ক) যে সকল চলমান ঋণ/বিনিয়োগ এর মেয়াদ ইতোমধ্যে অতিবাহিত হয়েছে এবং প্রচলিত নীতিমালার আওতায় ব্যাংক কর্তৃক নবায়নকৃত হয়নি সে সকল ঋণ/বিনিয়োগের বিপরীতে ০১ জানুয়ারি ২০২০ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত আরোপিত সুদ (অনাদায়ী থাকলে) মার্চ/২০২১ হতে জুন/২০২২ এর মধ্যে ৬টি সমান ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ করা যাবে। ২০২০ সালের অনাদায়ী সুদ উল্লিখিত নিয়মে পরিশোধিত হওয়ার পাশাপাশি জুন/২০২২ পর্যন্ত আরোপিত সুদ ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে পরিশোধিত হলে উক্ত ঋণ/বিনিয়োগসমূহ ৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত মেয়াদোত্তীর্ণ হিসেবে বিবেচিত হবে না।

খ) তলবী প্রকৃতির ঋণ/বিনিয়োগসমূহ মার্চ/২০২১ হতে ডিসেম্বর/২০২২ এর মধ্যে ৮টি সমান ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ করা যাবে। ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি পরিশোধিত হলে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।

০৪। ৩ নং ক্রমিকে উল্লিখিত নিয়মে কোন ত্রৈমাসিকে প্রদেয় কিস্তি পরিশোধিত না হলে ঐ ত্রৈমাসিক হতে এ সুবিধা বাতিল হিসেবে গণ্য হবে এবং যথানিয়মে ঋণ/বিনিয়োগ শ্রেণিকরণ করতে হবে। তবে, উল্লিখিত চলমান ও তলবী ঋণ/বিনিয়োগসহ বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২১ এর আওতায় মেয়াদী ঋণ/বিনিয়োগের বিপরীতে মার্চ/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তি ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।

০৫। এছাড়া বিভিন্ন প্রণোদনা প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগসমূহের ক্ষেত্রে এ সার্কুলারের নির্দেশনা প্রযোজ্য হবে না। উক্ত ঋণ/বিনিয়োগসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রণোদনা প্যাকেজের নীতিমালা অনুসরণ করতে হবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd



২৭ জুন ২০২১

তারিখঃ -----

১৩ আষাঢ় ১৪২৮

বিআরপিডি সার্কুলার নং- ১৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ৩১ জানুয়ারি ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৩ এবং ২৪ মার্চ ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২১ এর মাধ্যমে কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলা এবং একইসাথে ব্যাংকিং খাতে ঋণ প্রবাহের গতিধারা ধীরে ধীরে স্বাভাবিক করার লক্ষ্যে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, ০১ জানুয়ারি ২০২১ তারিখে অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শিত চলমান, তলবী এবং মেয়াদী প্রকৃতির ঋণ/বিনিয়োগ পরিশোধ/সমন্বয়ের ক্ষেত্রে মার্চ/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তি ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে পরিশোধ/সমন্বয় করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।

০৩। এক্ষেপে, কোভিড-১৯ এর সংক্রমণ পুনরায় বৃদ্ধি পাওয়ায় চলমান অর্থনৈতিক কর্মকাণ্ডের গতিশীলতা বজায় রাখা এবং বেসরকারী খাতে ঋণ/বিনিয়োগ প্রবাহের গতিধারা স্বাভাবিক রাখার মাধ্যমে কাঙ্ক্ষিত বিনিয়োগ ও কর্মসংস্থান সমুন্নত রাখার লক্ষ্যে এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, সূত্রোল্লিখিত সার্কুলারসমূহের মাধ্যমে প্রদত্ত সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে জুন/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের মোট পরিমাণের ন্যূনতম ২০(বিশ) শতাংশ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩১ আগস্ট ২০২১ তারিখের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। এক্ষেত্রে জুন/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তির অবশিষ্টাংশ সংশ্লিষ্ট সার্কুলার এর নির্দেশনা অনুযায়ী সর্বশেষ কিস্তির সাথে প্রদেয় হবে। এছাড়া অন্যান্য কিস্তি যথাসময়ে পরিশোধ করতে হবে।

০৪। এতদ্ব্যতীত উক্ত সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd



২৬ আগস্ট ২০২১

তারিখঃ-----

১১ ভাদ্র ১৪২৮

বিআরপিডি সার্কুলার নং- ১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ৩১ জানুয়ারি ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৩, ২৪ মার্চ ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এবং ২৭ জুন ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২১ এর মাধ্যমে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২১ এবং বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২১ এর মাধ্যমে প্রদত্ত সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে জুন/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ২০(বিশ) শতাংশ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩১ আগস্ট ২০২১ তারিখের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। এক্ষেত্রে জুন/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তির অবশিষ্টাংশ সংশ্লিষ্ট সার্কুলার এর নির্দেশনা অনুযায়ী সর্বশেষ কিস্তির সাথে প্রদেয় হবে। এছাড়া অন্যান্য কিস্তি যথাসময়ে পরিশোধ করতে হবে।

০৩। এক্ষেত্রে, কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ের নেতিবাচক প্রভাব প্রলম্বিত হওয়ায় চলমান অর্থনৈতিক কর্মকাণ্ডের গতিশীলতা বজায় রাখা এবং বেসরকারী খাতে ঋণ/বিনিয়োগ প্রবাহের গতিধারা স্বাভাবিক রাখার মাধ্যমে কাংখিত বিনিয়োগ, কর্মসংস্থান ও রপ্তানি বাণিজ্য সমুন্নত রাখার লক্ষ্যে এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, সূত্রোল্লিখিত সার্কুলারসমূহের মাধ্যমে প্রদত্ত সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ২৫(পঁচিশ) শতাংশ ডিসেম্বর/২১ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। এক্ষেত্রে, ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তির অবশিষ্টাংশ বিদ্যমান মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০১(এক) বছরের মধ্যে প্রদেয় হবে। এছাড়া অন্যান্য কিস্তি যথাসময়ে পরিশোধ করতে হবে।

০৪। বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২১ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ঋণ/বিনিয়োগের বিপরীতে ইতোমধ্যে আদায়কৃত/পরিশোধিত অর্থ এ সার্কুলারের নির্দেশনা পরিপালনের ক্ষেত্রেও আদায় হিসেবে বিবেচনা করা যাবে।

০৫। সূত্রোল্লিখিত সার্কুলারসমূহের আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের উপর আরোপিত সুদ আয়খাতে স্থানান্তরকরণ এবং উক্ত ঋণের বিপরীতে প্রভিশন সংরক্ষণের বিষয়ে পরবর্তীতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

০৬। এতদ্ব্যতীত উক্ত সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২